

## রাজাপুরে অর্থাভাবে মাদ্রাসার ভবন নির্মাণ কাজ বন্ধ

■ রাজাপুর (ঝালকাঠি) সংবাদদাতা

উপজেলার পুটিয়াখালী গ্রামের খায়েরহাট এলাকার পশ্চিম পুটিয়াখালী ইব্রাহিমিয়া হাফিজিয়া মাদ্রাসা ও লিলাহ বোর্ডিংয়ের ভবনের নির্মাণ কাজ অর্থাভাবে দীর্ঘদিন ধরে বন্ধ রয়েছে। বর্ষার মৌসুমে কাজ বন্ধ থাকায় ব্রডে মরিচা পড়াসহ বিভিন্ন নির্মাণ সামগ্রী নষ্ট হচ্ছে। এদিকে পাশেই অবস্থিত জরাজীর্ণ টিনের ঘরে চলছে শিশুসহ শতাধিক শিক্ষার্থীর লেখাপড়া। বৃষ্টিতে ভিজে ঝুঁকির মধ্যে তাদের লেখাপড়া করতে হচ্ছে। এছাড়া এতিমখানায় শিশুদের বসবাস করতে নিদারুণ কষ্ট হচ্ছে। এসব এতিম শিশু জরাজীর্ণ স্যাভর্সেতে মোঝেতে রাত যাপন করে। তাতে প্রায়ই শিশুরা সর্দি কাশিতে আক্রান্তসহ শীত ও বর্ষায় খুব কষ্ট করে কোরআন শিক্ষা করছে।

মাদ্রাসার পরিচালক হাফেজ মোঃ আবুল হোসাইন ও শিক্ষক মোঃ ইব্রাহিম জানান, বর্তমানে এ মাদ্রাসায় ৬০ জন ছাত্র হাফেজি পড়ছে এবং ফোরকানিয়ায় ৫০ জন কোরআন শিক্ষা নিচ্ছে। দীর্ঘ ২৮ বছর ধরে এলাকার মানুষের দানের অর্থের মাধ্যমে মাদ্রাসাটি পরিচালিত হচ্ছে। ওই দানের টাকা জমিয়ে এক মাস পূর্বে দেড় লাখ টাকা দিয়ে ভবনের নির্মাণ কাজ শুরু হয়। কিন্তু টাকার অভাবে কাজ সম্পন্ন করা যাচ্ছে না। বর্তমানে টাকার অভাবে নির্মাণ কাজ বন্ধ রয়েছে।